অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারার বিধান মত

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

মোকাম জেলা টাঙ্গাইলের যুগ্ম জেলা জজ ৩য় আদালত ও অর্থঋণ আদালত

অর্থজারী মামলা নং ০৩/২০২১

অর্থঋণ মামলা নং ১৭/২০১৯

ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, গোড়াই শাখা, টাঙ্গাইল, পোঃ- গোড়াই, থানা- মির্জাপুর, জেলা-টাঙ্গাইল।

--------ডিক্রিদার/বাদী।

বনাম

১। মেসার্স মিদুল এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর ঃ মোঃ শহিদুল ইসলাম, ঠিকানা- গোড়াই হাটুভাঙ্গা রোড, পোঃ- গোড়াই, থানা- মির্জাপুর, জেলা-টাঙ্গাইল।

২। মোঃ শহিদুল ইসলাম, পিতা- মৃত নুরুল ইসলাম (দুদু), স্বত্বাধিকারী- মেসার্স মিদুল এন্টারপ্রাইজ, সাকিন- গোড়াই নাজিরপাড়া, পোঃ- গোড়াই, থানা- মির্জাপুর, জেলা-টাঙ্গাইল।

----------দাইক/বিবাদী।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জনানো যাইতেছে যে, উপরে বর্ণিত দাইক গণের নিকট হইতে ডিক্রিদার ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, গোড়াই শাখা, টাঙ্গাইল বিগত ১৯/০৫/২০২১ইং তারিখ পর্যন্ত সর্বমোট ৭,২০,৫৮২/৩৩ (সাত লক্ষ বিশ হাজার পাঁচশত বিরাশি টাকা তেতত্রিশ পঁয়সা মাত্র) টাকা আদায়ের লক্ষ্যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আগামী ০৫/০৩/২০২৪ইং তারিখ নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নিলামে বিক্রয় করা হইবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হইতে সীলমোহরকৃত নিলাম দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলীঃ

১। আগামী ০৫/০৩/২০২৪ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করিতে হইবে। দরদাতা গণ বা তাহাদের প্রতিনিধিগণ (যদি কেহ উপস্থিত থাকেন) এর সম্মুখে উক্ত তারিখে বিকাল ৩.০১ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হইবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীল মোহরকৃত খামে দাখিল করিতে হইবে। খামের উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে।

৩। নিলাম দরপত্রের সহিত নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৪। দরপত্র দাতা এক বা একাধিক তপশীলের জন্য দরপত্র দিতে পারিবে। তবে একই তপশীলের জন্য আংশিক দরপত্র গ্রহন যোগ্য হইবে না।

৫। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম-পরিমাণ টাকার জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মোকাম জেলা টাঙ্গাইলের যুগ্ম জেলা জজ ৩য় আদালত ও অর্থঋণ আদালতের অনুকূলে দরপত্রের সহিত সামিল করিতে হইবে।

৬। অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অত্র আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

৭। দরপত্রের বন্ধকীকৃত প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে উপরে বর্ণিত ক্রমিক নং ৪ ও ৫ এ বর্ণিত শর্ত ভঙ্গ করিলে দরপত্র বাতিল হইবে।

৮। তপশীলভূক্ত সম্পত্তির উপর সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথাঃ সিটি কর্পোরেশন, ওয়াশা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের দায়-দায়িত্ব ডিক্রিদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

৯। উপরে বর্ণিত ক্রমিক নং ৬ এর অধীনে ১ম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রিদারকে প্রদান পূর্বক ডিক্রিকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত ২য় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দর দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ধারা ৩৩(৩) অনুযায়ী ২য় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করিবে, এবং ২য় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা (২খ) এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রিদারকে ডিক্রির দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে।

১২। কোন প্রকার কারণ দর্শানোর ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য ট্যাক্স ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪। আইনের বিধান মতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।

তপশীল

জেলা-টাঙ্গাইল, থানা-মির্জাপুর, মৌজা-গোড়াই মমিন নগর, জে.এল.নং-১৬১/১৮২(ইউনিয়ন-গোড়াই)

ভূমি অফিসের নাম ও বিবরণ ঃ উপজেলা ভূমি অফিস মির্জাপুর, টাঙ্গাইল।

সি.এস খতিয়ান নং	এস.এ খতিয়ান নং	খারিজী খতিয়ান নং	হাল ডিপি খতিয়ান নং	সি.এস ও এস. এ দাগ নং	হাল দাগ নং	জমির পরিমাণ
১৩৯	২২৫	২২৫/১	৩৫৯৩/১৪৩৮	২৭৪৭	৪১৩২	০৩ শতাংশ

মোট=০৩ শতাংশ

মং তিন শতাংশ ভূমি সহ তদউপরিস্থিত গৃহাদি।

চৌহদ্দীঃ

যাহার উত্তরে- নিজ, দক্ষিণে-মীর মিল্টন গং, পূর্বে-রহিমা বেগম, পশ্চিমে-সরকারী রাস্তা।

আদালতের আদেশক্রমে

পেশকার/সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ ৩য় আদালত
ও অর্থঋণ আদালত, টাঙ্গাইল।

Jewel Parvez
Manager (Principal Officer)
Sonali Bank Ltd.
Gorai Branch, Tangail